



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন : ৯৫৭৪০২৫
পিএবিএক্স : ৯৫৬০০৩১-৩৫/৪৫৩

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০/১০৭

তারিখঃ ১৬/০৭/২০১৯ খ্রিঃ

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ সরকারী ছুটিসহ সাপ্তাহিক ছুটিকালীন এবং অন্যান্য সময়ে ব্যাংকের সার্বিক নিরাপত্তা জোরদারকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, শাখার নিরাপত্তা ঘাটতিজনিত কারণে অনেক শাখায় চুরি/ডাকাতি সংঘটিত হচ্ছে; যা অত্যন্ত উদ্বেগজনক। ছুটিকালীন সময় ছাড়াও অন্যান্য সময়ে নিরাপত্তাজনিত কারণে চুরি/ডাকাতি কিংবা যে কোন অঘটন/দুর্ঘটনা রোধকল্পে শাখা/কার্যালয়ের পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।
- ০৩। শাখা/কার্যালয়ের পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করার জন্য রাজধানীতে অবস্থিত সকল শাখাসহ মাঠ পর্যায়ের শাখাসমূহের দিবা-রাত্রি নিরাপত্তা আরও জোরদার করার লক্ষ্যে সকল শাখা ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে নিম্নোক্ত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ
- (১) সরকারী ছুটিসহ সাপ্তাহিক ছুটিকালীন এবং অন্যান্য সময় দিনরাত ২৪ ঘন্টা শাখা/কার্যালয়ের যথাযথ নিরাপত্তা নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে শাখা/কার্যালয়ের প্রধান কিংবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট প্রহরীর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করবেন;
 - (২) শাখা/কার্যালয়ের প্রহরীপণ যথাযথভাবে দায়িত্ব/কর্তব্য পালনের বিষয়ে ডিউটি রেজিস্টার সংরক্ষণ করতঃ ব্যবস্থাপক ও দ্বিতীয় কর্মকর্তা শাখা/কার্যালয়ের প্রহরীদের উপস্থিতি নিশ্চিত করে নিরাপত্তার বিষয়টি নিবিড় তদারকি করবেন;
 - (৩) তাছাড়া, প্রহরী কোন অবস্থায়ই ব্যাংকের দরজা খোলা রেখে নিকট কিংবা দূরে কোথাও যেতে পারবেন না;
 - (৪) ব্যাংকের নিরাপত্তা ঘন্টা এবং সিসিটিভি (যদি থাকে) সার্বক্ষণিকভাবে সচল রাখতে হবে;
 - (৫) সরকারী ছুটিসহ সাপ্তাহিক ছুটিকালীন সময়ে শাখার ভল্টে যতটা সম্ভব কম টাকা রাখতে হবে;
 - (৬) এ সময় শাখা/কার্যালয়ের সকল দরজা/জানালা যথাযথভাবে বন্ধ রাখতে হবে এবং রাতে শাখা/কার্যালয়ের অভ্যন্তরে ও বাহিরে Security Light জ্বালিয়ে রাখতে হবে;
 - (৭) শাখা/কার্যালয়ের অধিকতর নিরাপত্তার সুবিধার্থে নিকটবর্তী থানা/পুলিশ ফাঁড়ির ফোন নম্বর প্রহরীদেরকে সরবরাহ করবেন;
 - (৮) শাখা/কার্যালয়ে নিরাপত্তার বিষয়ে কর্মকর্তা/কর্মচারীর গাফিলতির কারণে কোন ধরনের চুরি/ডাকাতি কিংবা অঘটন/দুর্ঘটনা সংঘটিত হলে তার দায়ভার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী এবং নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহের উপর বর্তাবে।
- ০৪। এমতাবস্থায়, এতদ্বিষয়ে বেসরকারী নিরাপত্তা প্রহরীদের দায়-দায়িত্ব সম্পর্কে প্রধান কার্যালয়ের প্রকিউরমেন্ট বিভাগের ০৮/১১/২০১৬ তারিখের জারীকৃত পত্র নং-প্রকা/প্রকিউর-১০(৫)অংশ-৩/২০১৬-২০১৭/৩১৪এর নির্দেশনা অনুসরণপূর্বক শাখা/কার্যালয়ের পর্যাপ্ত নিরাপত্তা বিধানের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ মনিরুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৭৪০২৫

তারিখঃ ১৬/০৭/২০১৯ খ্রিঃ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০/১০৭

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, স্টাফ কলেজ, বিকেবি, মিরপুর, ঢাকা।
০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/মহানথি।

(মোহাম্মদ আইয়ুব রহমান)

সহকারী মহাব্যবস্থাপক